

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩০৭(আগরতলা ২৬।০৫)

কুমারঘাট, ২৬ মে, ২০২৪

**কুমারঘাট মহকুমা ভিত্তিক নজরুল জন্মজয়ষ্ঠী**

কুমারঘাটের গীতাঞ্জলি অডিটোরিয়ামে গতকাল কুমারঘাট মহকুমা ভিত্তিক জন্মজয়ষ্ঠী উদযাপন করা হয়। বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ‘ছাত্রদলের গান’ শীর্ষক কবিতার ‘মোদের চোখে বিশ্ববাসীর স্বপ্ন দেখা হোক সফল’- এই ভাবনায় মহকুমা ভিত্তিক নজরুল জন্মজয়ষ্ঠী অনুষ্ঠানের আয়োজন করা হয়। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানের উদ্বোধন করেন ডিসিএম গোবিন্দ সরকার। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অবসরপ্রাপ্ত শিক্ষিকা প্রতিমা দাস। তাছাড়াও উপস্থিত ছিলেন ডিসিএম শুভক্ষণ সেন। অনুষ্ঠানে প্রধান অতিথি প্রতিমা দাস বলেন, কবিতা ছাড়াও বাংলা সাহিত্যের সব আঙিকেই নজরুল ইসলামের অবাধ বিচরণ ছিল। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বরিষ্ঠ তথ্য আধিকারিক শুভাশিস সেনগুপ্ত। অনুষ্ঠানে নজরুল গীতি পরিবেশন করেন আগরতলার বিশিষ্ট শিল্পী সুবিমল দত্ত। তাছাড়াও অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ নজরুল গীতি, আবৃত্তি ও নৃত্য পরিবেশন করেন।

\*\*\*\*\*